# ২০২৬
# বাংলা
## (অনার্স)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNG-H-CC-T-9
## (কাব্যের রূপভেদ, কাব্য ও কবিতাপাঠ)
## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) দু'জন ইংরেজ গীতিকবির নাম লেখো।

খ) 'নাহি জ্ঞান, নাহি সাড়া' — কবি একথা কার সম্পর্কে, কেন বলেছেন?

গ) 'ষটক' ও 'অষ্টক' বলতে কী বোঝ?

ঘ) 'ক্ষত্রধর্ম, ক্ষত্রকর্ম, সাধ ভুজবলে' — কে, কাকে কোন্ 'ক্ষত্রধর্ম' পালনের কথা বলেছেন?

ঙ) 'আয় রে ছুটে, আর রে ত্বরা' — কে, কাদের ছুটে আসতে বলছেন?

চ) 'নবনীর সর ছাঁকা, সুন্দর শরত-রাকা' — 'নবনী' ও 'রাকা' শব্দের অর্থ লেখো।

(পরের পাতায়)

ছ) একটি বাংলা ও একটি ইংরেজি শোককাব্যের নাম লেখো।

জ) 'দেহ ভিক্ষা তারে' — কে, কার কাছে, কী 'ভিক্ষা' চেয়েছেন?

ঝ) 'দিয়াছিল যেই রত্ন ভারতী তোমায় - অপার্থিব ধন' — কোন্ রত্নের কথা বলা হয়েছে? 'অপার্থিব ধন' কী?

ঞ) 'এই মন্ত্র, এই দীক্ষা, এই জপ অবিরত' — কবি অবিরত কোন্ মন্ত্র জপ করার কথা বলেছেন?

ট) 'কিন্তু পূর্বকথা এবে স্মর, নরমণি' — বক্তা 'পূর্বকথা' বলতে কী বুঝিয়েছেন?

ঠ) 'কৃতঘ্ন মা বঙ্গভূমি' — কবি বঙ্গভূমিকে 'কৃতঘ্ন' বলেছেন কেন?

ড) 'শাশুড়ির যোগ্য বধূ' কে, কী প্রসঙ্গে এ কথা বলেছেন?

ঢ) মহাকাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

ণ) 'লিরিক' শব্দটির উৎস কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) একটি বাংলা শোককাব্যের আলোচনাসহ শোককাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো।

খ) 'ফলিবে এমন রত্ন? ফলিবে কি আর?' — 'রত্ন' প্রসঙ্গে কবির মনোভঙ্গি বিচার করো।

গ) 'এই আমাদের ধর্ম, এই জীবনের কর্ম' — উক্তির আলোকে কবির স্বাদেশিক মনোভাবের পরিচয় দাও।



ঘ) 'জগতে কিছুই নাই উহার মতন' — উক্তির আলোকে 'উহা'র বিস্তৃত পরিচয় দাও।

ঙ) 'চণ্ডালের পদধূলি ব্রাহ্মণের ভালে' — প্রসঙ্গ আলোচনাপূর্বক উক্তিটি ব্যাখ্যা করো।

চ) উদাহরণসহ স্তোত্রকবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বীরাঙ্গনা কাব্যের 'দশরথের প্রতি কেকয়ী' পত্রে কেকয়ী চরিত্রে আধুনিক নারী-মনস্তত্ত্বের যে জটিল রূপ প্রকাশ পেয়েছে, তা নিজের ভাষায় বর্ণনা করো।

খ) 'গানের মত মোর প্রাণে কি উঠে ফুটি' — এই পংক্তির আলোকে 'শ্রাবণে' কবিতাটি গীতিকবিতা হিসাবে কতখানি সার্থক হয়ে উঠেছে, সেটি নিজের ভাষায় আলোচনা করো।

গ) ঊনবিংশ শতাব্দীর গীতিকবিতার পরিমণ্ডলে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'শিশুর হাসি' কবিতাটি গীতিকবিতা হিসেবে সার্থক হয়ে উঠেছে কিনা যুক্তিসহ বিশ্লেষণ করো।

ঘ) উদাহরণসহ সনেট এর বৈশিষ্ট্যগুলি বিস্তৃত আলোচনা করো।

-------------